

যুগান্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সব পরীক্ষা স্থগিত

প্রকাশ : ০৮ নভেম্বর ২০১৯, ২২:৫০ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



জাতীয় বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

যুগিন্দ্রিক 'বুলবুল'-এর কারণে শনিবারের (৯ নভেম্বর) জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

শুক্রবার রাতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রধান তথ্য কর্মকর্তা ফয়জুল করিম গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, যুগিন্দ্রিক 'বুলবুল'-এর জন্য শনিবারের অনুষ্ঠিতব্য অনার্স দ্বিতীয় বর্ষের পরীক্ষা, এলএলবি শেষ বর্ষের পরীক্ষাসহ বেশকিছু প্রফেশনাল কোর্সের পরীক্ষা হওয়ার কথা ছিল। যুগিন্দ্রিক

হওয়ার আশঙ্কায় এসব পরীক্ষা স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

তবে স্থগিত হওয়া পরীক্ষা কবে হবে সে বিষয়ে নিশ্চিত করে কোনো তথ্য জানানো হয়নি। আগামী দুইদিনের মধ্যে স্থগিত পরীক্ষাগুলো কবে আয়োজন করা হবে তা জানানো হবে বলে জানান জাতীয় বিশ্ববিদ্যালয়ের এ কর্মকর্তা।

প্রসঙ্গত, ঘূর্ণিবাড় ‘বুলবুল’-এর কারণে সারা দেশে সব ধরনের নৌযান চলাচল বন্ধ ঘোষণা করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। এছাড়া মোংলা ও পায়রা সমুদ্রবন্দরে সব কার্যক্রম বন্ধ করা হয়েছে।

শুক্রবার রাতে বিআইডব্লিউটিএ এ ঘোষণা দেয়। পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে বলেও নির্দেশনা দেয়া হয়।

এর আগে সন্ধ্যায় আবহাওয়া অধিদফতর ঘূর্ণিবাড় ‘বুলবুল’-এর প্রভাবে মোংলা ও পায়রা সমুদ্রবন্দরে ৭ নম্বর বিপদ সংকেত এবং চট্টগ্রাম বন্দরে ৬ নম্বর বিপদ সংকেত জারি করেছে।

সুদূর প্রশান্ত মহাসাগরে সৃষ্ট উষ্ণমণ্ডলীয় ঝড় গত অক্টোবরের শেষে ভিয়েতনাম হয়ে হলভাগে উঠে আসে। সেই ঘূর্ণিবায়ুর অবশিষ্টাংশই ইন্দোনেশিয়া পেরিয়ে ভারত মহাসাগরে এসে আবার নিম্নচাপের রূপ নেয়।

বারবার দিক বদলে নিম্নচাপটি আবার শক্তিশালী হয়ে উঠে। পূর্ব-মধ্য বঙ্গোপসাগরে এসে বুধবার রাতে তা ঘূর্ণিবাড়ের রূপ নেয়। তখন এর নাম দেয়া হয় ‘বুলবুল’।

আবহাওয়া অধিদফতর সূত্র বলছে, ঘূর্ণিবাড় ‘বুলবুল’ ক্রমেই শক্তি সঞ্চার করে ভয়াবহ আকার ধারণ করছে। শুরুর দিকে ঘূর্ণিবাড়ের বাতাসের গতি ছিল ঘণ্টায় ৮০-৯০ কিলোমিটার। শুক্রবার দুপুর থেকে এটির শক্তি ক্রমেই বাঢ়তে থাকে। ‘বুলবুল’ ইতিমধ্যে দ্বিতীয় ক্যাটাগরির ঘূর্ণিবাড়ে উন্নীত হয়েছে। এটি এখন আঘাত হানলে ১৩০ কিলোমিটার বেগে বাতাস বইবে। যে বাতাসে ঘরবাড়ি উড়িয়ে নিয়ে যেতে পারে।

তবে রোববার ফের শক্তি কমে প্রবল ঘূর্ণিবাড়ের (ভেরি সিভিয়ার সাইক্লোনিক স্টর্ম) রূপ পেতে পারে বুলবুল। তারপর ধীরে ধীরে আরও শক্তি হারিয়ে ১১ নভেম্বর ফের ঘূর্ণিবাড়ে পরিণত হতে পারে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।